

### অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের রাজস্ব খাতভুক্ত “সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর” পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী টা: ১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (১৩ তম গ্রেড) বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নবর্ণিত প্রার্থীদের শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

ক্র: নং	রোল নং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
১.	১২০০০৩৬৫	আহমেদ আক্তার পিতা-মৃত মো: জামাল আক্তার	গ্রাম-দালালপাড়া, ডাকঘর-তিস্তা উপজেলা-লালমনিরহাট সদর, জেলা-লালমনিরহাট
২.	১২০০১৩৪৫	মবিনুল ইসলাম খান পিতা-মোশতাক আহমদ খান	গ্রাম-কুতিকুড়া, ডাকঘর-করুয়াপাড়া, উপজেলা-হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ
৩.	১২০০১৪৮০	আয়েশা সিদ্দিকা পিতা-মো: এনায়েত উল্লাহ	গ্রাম-মাখরকাঠী, ডাকঘর-হরিণাফুলিয়া, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল
৪.	১২০০১৫৪৪	মো: ইমামুল হোসাইন পিতা-মো: ফছিয়ার রহমান	গ্রাম-রায়পুর, ডাকঘর-রায়পুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর

০২। শর্তাবলী:

- প্রার্থীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতার প্রয়োজনীয় সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;
- চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে;
- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে;
- যোগদানের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন;
- শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;
- সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না;
- পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- মুক্তিযোদ্ধা, আনসার-ডিডিপি, প্রতিবন্ধী ও জেলা কোটায় নিয়োগ প্রাপ্তদের কোটা প্রাপ্যতা যদি ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাতিল হয়, তাহলে তাদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গরমিল পরিলক্ষিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- এ নিয়োগ সংক্রান্ত যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ১লা জুলাই, ২০১৯খ্রি: তারিখ পূর্বাঙ্কে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যথাসময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- যোগদানের সময় এ নিয়োগপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।
- চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/

১৬/০৬/২০১৯খ্রি:

(মো: আনোয়ার হোসাইন আকন্দ)  
উপসচিব (প্রশাসন-১) ও সদস্য সচিব  
বিভাগীয় নির্বাচন কমিটি  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ